

## Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 30 April, 2025

দেশের রাজনৈতিক পট পরিবর্তনের পর বাংলাদেশ ক্রিকেট বোর্ডে (বিসিবি) আসা নতুন সভাপতি ফারুক আহমেদ আসন্ন বোর্ড নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছেন। নাজমুল হাসান পাপনের স্থলাভিষিক্ত হওয়া ফারুক আহমেদ সম্প্রতি এক সাক্ষাৎকারে এই ইচ্ছার কথা জানান। তিনি দাবি করেন, বোর্ডের ভেতরের কিছু মহল তাকে দমিয়ে রাখার চেষ্টা করছে এবং এর জবাব দিতেই তিনি নির্বাচনে লড়বেন।

দেশের ক্রীড়াঙ্গনে পরিবর্তনের হাওয়ায় বিসিবিতেও এসেছে রদবদল। সাবেক সভাপতি নাজমুল হাসান পাপনের জায়গায় দায়িত্ব নিয়েছেন সাবেক ক্রিকেটার ও সংগঠক ফারুক আহমেদ। পূর্বের পরিচালনা পর্ষদের অনেকেই এখন বোর্ডের সঙ্গে নেই, কেউ দেশ ছেড়েছেন, কেউ বা সভায় অনুপস্থিতির কারণে বাদ পড়েছেন। ফারুক আহমেদের সঙ্গে বোর্ডে যুক্ত হয়েছেন কোচ ও ক্রিকেট বিশ্লেষক নাজমুল আবেদীন ফাহিম। বর্তমানে জাতীয় ক্রীড়া পরিষদ মনোনীত পরিচালকসহ মোট ১০ জনকে নিয়ে চলছে বোর্ডের কার্যক্রম।

বিসিবির পরবর্তী নির্বাচন আগামী অক্টোবরে অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। নিয়ম অনুযায়ী, বর্তমান সভাপতি চাইলে মেয়াদ শেষ হওয়ার আগেই নির্বাচন আয়োজন করতে পারেন। ফারুক আহমেদ নির্বাচনে অংশ নেবেন কিনা তা নিয়ে বেশ কিছুদিন ধরেই জল্পনা চলছিল। সম্প্রতি যুক্তরাষ্ট্রভিত্তিক বাংলা সম্প্রচার মাধ্যম ঠিকানা টেলিভিশনের ‘ঠিকানায় খালেদ মহিউদ্দিন’ অনুষ্ঠানে দেয়া সাক্ষাৎকারে তিনি বিষয়টি খোলাসা করেন।

ফারুক আহমেদ বলেন, ‘অক্টোবরে আমি নির্বাচন করব। তিনি অভিযোগ করেন, ‘কোনো একটি

কোয়ার্টারে দুর্নীতি যারা করেছে ক্রিকেট বোর্ডে, এখনও চেষ্টা করছে আমাকে দমিয়ে রাখার। তাদের জন্য সবচেয়ে সহজ কাজ ফারুক ভাইয়ের জন্য দুই চারটি কলাম লিখলে, দুইটা মিথ্যা কথা বলে বদনাম দিলে ওই ধরনের লোক রিজাইন করে চলে যাবে।

তাকে ইচ্ছাকৃতভাবে কোণঠাসা করার চেষ্টা চলছে দাবি করে বিসিবি সভাপতি আরও বলেন, দেশের ক্রিকেটের উন্নতি ছাড়া তার আর কোনও এজেন্ডা নেই। তিনি মনে করেন, এই পরিস্থিতিতে নির্বাচন থেকে সরে দাঁড়ালে সমস্যার সমাধান হবে না বরং লড়াই করেই টিকে থাকতে হবে।

বিসিবি নির্বাচন ক্রিকেট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:37

URL: <https://timestodaybd.com/public/sports/9432241628>